

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।


স্মারক নং : ৫২.০১.৫২০২.০০০.১৪.১৯০.২৪- ০৪

তারিখ : ২৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা আদিতমারী উপজেলার “জনশুমারি ও গৃহগণনা ২০২২” প্রকল্পের শুমারিকর্মীগণের (সুপারভাইজার, আইটি সুপারভাইজার ও গণনাকারী) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “অর্থনৈতিক শুমারি ২০২৩” প্রকল্পে যীরা তালিকাকারী/গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে কাজ করতে ইচ্ছুক তাঁরা আগামী ২১ জানুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সদ্যতোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র) ফটোকপিসহ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট এ অফিস চলাকালীন সময়ে স্বশরীরে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন নম্বর(রেজিস্ট্রেশন টোকেন) সংগ্রহ করবেন, যা পরবর্তীতে ভাইভায় নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, জাতীয় পরিচয়পত্রের ফটোকপির পিছনের পাতায় নিজ নিজ মৌজা, গ্রাম ও পাড়ার নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে বর্তমানে চালু বিকাশ নম্বর উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন। একজন ব্যক্তি শুধুমাত্র একটি পদে(তালিকাকারী/গণনাকারী অথবা সুপারভাইজার) আবেদন করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট ব্যক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।

রেজিস্ট্রেশন করা প্রার্থীদের ভাইভার তারিখ পরবর্তীতে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.bbs.aditmari.lalmonirhat.gov.bd এ পাওয়া যাবে।



(নূর-ই-আলম সিদ্দিকী)

উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।

ও

সভাপতি

তালিকাকারী/গণনাকারী এবং সুপারভাইজার নির্বাচন কমিটি

‘অর্থনৈতিক শুমারি ২০২৩’ প্রকল্প
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং : ৫২.০১.৫২০২.০০০.১৪.১৯০.২৪- ০৪

তারিখ : ২৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ


অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, “অর্থনৈতিক শুমারি ২০২৩” প্রকল্প, বিবিএস, ঢাকা।

২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লালমনিরহাট।

৩। সদস্য, তালিকাকারী/গণনাকারী এবং সুপারভাইজার নির্বাচন কমিটি,
“অর্থনৈতিক শুমারি ২০২৩” প্রকল্প, আদিতমারী, লালমনিরহাট।

৪। অফিস কপি।



(মোঃ আনিছার রহমান)

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ড.দ)
আদিতমারী, লালমনিরহাট।

ও

সদস্য সচিব

তালিকাকারী/গণনাকারী এবং সুপারভাইজার নির্বাচন কমিটি

‘অর্থনৈতিক শুমারি ২০২৩’ প্রকল্প
আদিতমারী, লালমনিরহাট।